



বিএনপিতে যোগ দিয়ে নির্বাচনী মাঠে ফিরলেন ড. রেজা কিবরিয়া



সংগৃহীত ছবি

দীর্ঘদিনের রাজনৈতিক নীরবতা ভেঙে আবারও সক্রিয় রাজনীতিতে ফিরলেন সাবেক অর্থমন্ত্রী শাহ এএমএস কিবরিয়ার ছেলে ড. রেজা কিবরিয়া। এবার তিনি যোগ দিয়েছেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল—বিএনপিতে। জানা গেছে, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে তিনি হবিগঞ্জ-১ আসন থেকে ধানের শীষ প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক।

রেজা কিবরিয়া বুধবার (৬ নভেম্বর) সকালে গণমাধ্যমকে বলেন, “আমি বিএনপিতে যোগ দিয়েছি এবং প্রাথমিক সদস্যপদ ফরম পূরণ করেছি। খুব শিগগিরই আনুষ্ঠানিকভাবে যোগদানের ঘোষণা আসবে। আমি হবিগঞ্জ-১ আসন থেকে ধানের শীষের প্রার্থী হতে চাই।”

তিনি স্মরণ করিয়ে দেন, ২০১৮ সালের একাদশ জাতীয় সংসদ নির্বাচনে এক্যাক্টর প্রার্থী হিসেবে একই আসন থেকে ধানের শীষ প্রতীকেই লড়েছিলেন। এবারও সেই আসন থেকেই তিনি জনগণের সমর্থন নিয়ে মাঠে নামতে চান।

রাজনৈতিক জীবন শুরু করেন তিনি গণফোরামে যোগ দিয়ে, যেখানে তিনি দলের সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেন। পরে নুরুল হক নুরের নেতৃত্বাধীন গণঅধিকার পরিষদে যোগ দিয়ে আহ্বায়কের ভূমিকা নেন। তবে সংগঠনের অভ্যন্তরীণ দ্বন্দ্ব ও ব্যক্তিগত কারণ দেখিয়ে কিছুদিন পর রাজনীতি থেকে নিজেকে গুটিয়ে নেন।

পরবর্তীতে গণঅধিকার পরিষদ বিভক্ত হলে, রেজা কিবরিয়া ‘আমজনতার দল’ নামে নতুন রাজনৈতিক সংগঠন গড়ে তুলেন এবং প্রতিষ্ঠাতা আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করেন। কিন্তু বেশ কিছু সময় রাজনৈতিক অঙ্গন থেকে দূরে থাকার পর তিনি এবার বিএনপির পতাকাতে ফিরে এসেছেন। তার এই প্রত্যাবর্তন হবিগঞ্জ-১ আসনের রাজনীতিতে নতুন সমীকরণ তৈরি করবে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।